

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৩৭(আগরতলা, ০৭।১২)
পানিসাগর, ০৭ ডিসেম্বর, ২০১৮

পানিসাগরে বিশ্ব মৃত্তিকা দিবস পালন

পানিসাগর কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে গত ৫ ডিসেম্বর বিশ্ব মৃত্তিকা দিবস-২০১৮ উদযাপন উপলক্ষে কৃষি বিজ্ঞানী ও কৃষকদের মধ্যে মতবিনিময় সভা পানিসাগর কৃষি বিজ্ঞান কেন্দ্রের কার্যালয়ের প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন বিধায়ক বিনয় ভূষণ দাস। ভারতীয় কৃষি অনুসন্ধান কেন্দ্রের প্রিন্সিপাল ড. অনুপ দাস, উদ্যান দপ্তরের উত্তর জেলার উপঅধিকর্তা বিমান কৃষ্ণ দে, কৃষি দপ্তরের উত্তর জেলার উপঅধিকর্তা পরীক্ষিত রায়, পানিসাগর কৃষি বিজ্ঞান কেন্দ্রের বরিষ্ঠ কৃষি বিজ্ঞানী অভিজিৎ দেবনাথ প্রমুখ উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন উপাখালি পঞ্চায়েতের প্রধান করুণা সিন্ধু গোস্বামী। উত্তর ত্রিপুরা জেলার একশতাধিক কৃষক এতে অংশ নেন। উন্নতমানের বীজ ব্যবহার ও মাটি পরীক্ষা, মৃত্তিকা দূষণ, মাটির উর্বরতা বৃদ্ধি, মৃত্তিকা সংরক্ষণের বিষয়ে কৃষি বিজ্ঞানী ও কৃষকদের মধ্যে মতবিনিময় হয়। বিশ্ব মৃত্তিকা দিবস এবং মৃত্তিকা সংরক্ষণের বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের মধ্যে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার প্রদান করা হয়।
